দৈনিক বাংলা

তারিখ ... 06 JAN 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

3

১২

# রাজশাহী ভার্সিটিতে ছাত্র সংঘর্ষঃ ২০ জন আহত

।। বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।।

রাজশাহী, ৫ই জানুয়ারী।—রাজশাহী বিশ্ববিদ্যালয়ে আজ দু'দল ছাত্রের মধ্যে সশস্ত্র সংঘর্ষে ২০ জন ছাত্র আহত হয়েছেন। সংঘর্ষ চলাকালে কমপক্ষে ৫০ রাউন্ড গুলি বিনিময় ও ব্যাপক বোমাবাজী হয়।

এই সংঘর্ষ হয় ছাত্রলীগ (না-শ) ও ছাত্রদল কর্মীদের মধ্যে। প্রতিষ্ঠা-বার্ষিকী উপলক্ষে ছাত্রলীগ (না-শ) ক্যাম্পাসে মিছিল বের করে। পটকা ফোটাতে ফোটাতে মিছিলটি অগ্রসর হওয়ার এক পর্যায়ে ছাত্রদলের একজন কর্মী পটকায় আহত হন। এ ঘটনা থেকেই সংঘর্ষের সূত্রপাত।

দু'পক্ষের মধ্যে প্রায় সারাদিনই চলে

(৪-এর পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## রাজশাহী ভার্সিটিতে

(প্রথম পৃঃ পর)

বিক্ষিপ্ত সংঘর্ষ। সংঘর্ষে একজন ছাত্র গুলিবিদ্ধ হয়েছেন। তার নাম জাকির হোসেন। তিনি ম্যানেজমেন্ট প্রথম বর্ষের ছাত্র ও ছাত্রদল কর্মী। গুরুতর অবস্থায় তাকে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। গুরুতর আহতদের মধ্যে রয়েছেন ছাত্র-লীগ (না-শ) বিশ্ববিদ্যালয় শাখার সভা-পতি আহসানুল কবীর বাদল এবং গুলশান আরা। বাদলের মাথা ফেটে গেছে।

আহত জাফু, মুহিত, শাব্বির, শহীদ, রুহুল, বাচ্চু, রাজ্জাক, ও আবুল কালাম আজাদকে বিশ্ববিদ্যালয় মেডিক্যাল সেন্টারে ভর্তি করা হয়েছে। বাকীদের প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেয়া হয়।

সংঘর্ষের এক পর্যায়ে হলে উভয় ছাত্রগ্রুপের কক্ষে ভাঙচুর হয়।

পরে ক্যাম্পসে পুলিশ এলে পরি-স্থিতি নিয়ন্ত্রণে আসে। তবে ক্যাম্পাসে উত্তেজনা রয়েছে।

### সর্বদলীয় ছাত্র ঐক্যের উদ্বেগ

সর্বদলীয় ছাত্র ঐক্য এক বিবৃতিতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সংঘটিত ছাত্র সংঘর্ষে কয়েকজন ছাত্র আহত হওয়ার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন।

বিবৃতিতে উল্লেখ করা হয়, যে মুহূর্তে দেশের আপামর জনতা স্বৈরাচার-বিরোধী গণতান্ত্রিক আন্দোলনের বিজয়কে সুসংহত করে সম্মুখের দিকে অগ্রসর হচ্ছে ঠিক সেই মুহূর্তে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংঘর্ষ গণতান্ত্রিক আন্দোলনের অগ্রযাত্রা-কেই ব্যাহত করবে, যা এই মুহূর্তে কারো কাছে কাঙ্খিত নয়।

বিবৃতিতে এ ধরনের অনাকাঙ্খিত ঘটনা থেকে বিরত থাকার জন্য দেশের সকল রাজনৈতিক ছাত্র সংগঠনসহ আপা-মর জনসাধারণের প্রতি আহবান জানানো হয়।